

4015 - বীয়ের দিনগুলোর রোয়া ও শাওয়ালের ছয় রোয়া এক নিয়তে রাখা

প্রশ্ন

যে ব্যক্তি শাওয়ালের ছয় রোয়ার মধ্যে তিনটি রোয়া বীয়ের দিনগুলোর রোয়ার সাথে একই নিয়তে রাখবে সে কি ফযিলত পাবে?

প্রিয় উত্তর

আমি আমাদের শাইখ আব্দুল আযিয বিন বাঘ (রহঃ) কে এ মাসয়ালা সম্পর্কে জিজ্ঞেস করেছি। জবাবে তিনি বলেন: আশা করি তিনি সে ফযিলত পাবেন। কেননা তার ক্ষেত্রে এ কথা বলা সত্য যে, তিনি ছয় রোয়া রেখেছেন এবং এ কথা বলাও সত্য যে, তিনি বীয়ের দিনগুলোর রোয়া রেখেছেন। আল্লাহর অনুগ্রহ প্রশংসন।

একই মাসয়ালার জবাবে শাইখ মুহাম্মদ বিন সালেহ আল-উছাইমীন আমাকে জবাব দিয়েছেন: হ্যাঁ। যদি কেউ শাওয়ালের ছয় রোয়া রাখে তার উপর বীয়ের রোয়াগুলো বাদ হয়ে যাবে; হোক না তিনি বীয়ের দিনগুলোতে কিংবা আগে কিংবা পরে রোয়াগুলো রাখুন না কেন। যেহেতু তার ক্ষেত্রে এ কথা বলা সত্য হয় যে, তিনি প্রত্যেক মাসের তিনদিন রোয়া রেখেছেন। তিনি কি মাসের প্রথমে রোয়াগুলো রাখলেন; নাকি মাঝে রাখলেন; নাকি শেষে রাখলেন সেটা ধর্তব্য নয়। সুন্নত নামায আদায় করার মাধ্যমে যেমন তাহিয়াতুল মসজিদের নামায পড়া বাদ হয়ে যায় এটি সেই শ্রেণীর আমল। কেউ যদি মসজিদে প্রবেশ করে সুন্নত নামায পড়ে তাহলে তাহিয়াতুল মসজিদ আদায় করার বিধান বাদ হয়ে যায়...। আল্লাহই সর্বজ্ঞ।